২০০

দৈনিক সংবাদ

তারিখ 29 APR 1998
পৃঃ ১২ কলাম ৫

## শার্শায় ফাঁস হওয়া প্রশ্নে অংক পরীক্ষা

যশোর, ২৮শে এপ্রিল (নিজস্ব বার্তা পরিবেশক)।– শার্শা থানার বুরুদবানান কেন্দ্রে গত শনিবার অংক পরীক্ষা হয়েছে, ফাঁস হওয়া প্রশ্ন দিয়ে। এ ঘটনা ঘটে অনিয়মিত পরীক্ষার্থীদের বেলায়।

প্রশ্নপত্রের মাথায় লেখা ছিল ২৩৩। ১৯৮৯ অমর, খ সেট। বিষয়টি জানতে পেরে ডেপুটি কমিশনার কেন্দ্র সচিবকে সাসপেণ্ড করেছেন। এডিসি জেনারেলকে এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে ৪৮ ঘন্টার মধ্যে রিপোর্ট জমা দিতে বলেছেন। বিষয়টি শিক্ষা সচিবকে অবহিত করা হয়েছে। এই কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা১৮৬।